# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৫০]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৬৩ : মিথ্যা সাক্ষ্য দেওয়া কঠোরভাবে নিষিদ্ধ

(263) بَابُ بَيَانِ غَلْظِ تَحْرِيْمِ شَهَادَةِ الزُّوْرِ

---

আরবী

وَعَنْ أَبي بَكْرَةَ رَضِيَ اللهُ عَنْه قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: أَلاَ أُنَبِّئُكُمْ بِأَكْبَرِ الكَبَائِرِ ؟» قُلْنَا : بَلَى يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم . قَالَ: «الإِشْرَاكُ بِاللهِ، وعُقُوقُ الوَالِدَيْنِ» وَكَانَ مُتَّكِئاً فَجَلَسَ، فَقَالَ: «أَلاَ وَقَولُ الزُّورِ» فَمَا زَالَ يُكَرِّرُهَا حَتَّى قُلنَا : لَيْتَهُ سَكَتَ. متفق عَلَيْهِ

বাংলা

মহান আল্লাহ বলেন,

﴿ وَاجْتَنِبُوا قَوْلَ الزُّورِ ﴾ [الحج : ٣٠]

অর্থাৎ তোমরা মিথ্যা কথন থেকে দূরে থাক। (সূরা হজ্জ ৩০ আয়াত)

তিনি আরও বলেন,

﴿وَلَا تَقْفُ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ﴾ [الاسراء: ٣٦]

অর্থাৎ যে বিষয়ে তোমার কোনো জ্ঞান নেই সেই বিষয়ে অনুমান দ্বারা পরিচালিত হয়ো না। (সূরা ইসরা ৩৬ আয়াত)

তিনি আরও বলেছেন,

﴿ مَا يَلْفِظُ مِنْ قَوْلٍ إِلَّا لَدَيْهِ رَقِيبٌ عَتِيدٌ﴾ [ق: ١٨]

অর্থাৎ মানুষ যে কথাই উচ্চারণ করুক না কেন তা লিপিবদ্ধ করার জন্য তৎপর প্রহরী তার নিকটেই রয়েছে। [ক্বাফ ১৮ আয়াত)

আল্লাহ তা’আলা বলেছেন,

﴿ إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ﴾ [الفجر: ١٤]

অর্থাৎ নিশ্চয় তোমার প্রতিপালক সময়ের প্রতীক্ষায় থেকে সতর্ক দৃষ্টি রাখেন। (সূরা ফজর ১৪ আয়াত)

তিনি আরও বলেছেন,

﴿وَالَّذِينَ لَا يَشْهَدُونَ الزُّورَ﴾ [الفرقان: ٧٢]

অর্থাৎ [তারাই পরম দয়াময়ের দাস] যারা মিথ্যা সাক্ষ্য দেয় না। (সূরা ফুরক্বান ৭২ আয়াত)

---

১/১৫৫৮। আবূ বকরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’তোমাদেরকে কি অতি মহাপাপের কথা বলে দেব না?’’ আমরা বললাম, ’অবশ্যই বলুন হে আল্লাহর রাসূল!’ তিনি বললেন, ’’আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করা এবং মাতা-পিতার অবাধ্যাচরণ করা।’’ তারপর তিনি হেলান ছেড়ে উঠে বসলেন এবং বললেন, ’’শোন! আর মিথ্যা সাক্ষ্য দেওয়া।’’ শেষোক্ত কথাটি তিনি বারবার বলতে থাকলেন। এমনকি অনুরূপ বলাতে আমরা [মনে মনে] বললাম, ’যদি তিনি চুপ হতেন।’ (বুখারী ও মুসলিম) [1]

## English

(263) Chapter: Prohibition of Giving False Testimony

Allah, the Exalted, says:
"And shun lying speech (false statements).'' (22:30)
"And follow not (O man, i.e., say not or do not or witness not) that of which you have no knowledge.'' (17:36)
"Not a word does he (or she) utter, but there is a watcher by him ready (to record it).'' (50:18)
"Verily, your Rubb is Ever Watchful (over them).'' (89:14)
"And those who do not witness falsehood...'' (25:72)

Abu Bakrah (May Allah be pleased with him) reported:
The Messenger of Allah (ﷺ) said, "Shall I not inform you of one of the gravest of the cardinal sins?" We said: "Yes, O Messenger of Allah!" He (ﷺ) said, "To join others as partners with Allah in worship and to be undutiful to one's parents." The Messenger of Allah (ﷺ) sat up from his reclining position

(in order to stress the importance of what he was going to say) and added, "I warn you making a false statement and giving a false testimony. I warn you against making a false statement and giving a false testimony." The Messenger of Allah (ﷺ) kept on repeating this (warning) till we wished he should stop.

[Al- Bukhari and Muslim]

Commentary: The contents of this Hadith make the gravity of making a false statement abundantly clear. How unfortunate indeed it is that, like other major sins, the evil of giving false testimony is very common among the present-day Muslims. May Allah prevent us from it.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৬৪৫, ৫৯৭৬, ৬২৭৩, ৬৯১৯, মুসলিম ৮৭, তিরমিযী ১৯০১, ২৩০১, ৩০১৯, আহমাদ ১৯৮৭২, ১৯৮৮১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ বকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27827

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন